# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ২. ২. মীখার উদ্ধৃতিতে মথির বিকৃতি

বৈথলেহেমের মর্যাদা বর্ণনায় মথি বলেন: "কেননা নবীর মধ্য দিয়ে এই কথা লেখা হয়েছে, 'আর তুমি, হে এহুদা দেশের বেথেলহেম, তুমি এহুদার শাসনকর্তদের মধ্যে কোন মতে ক্ষুদ্রতম নও।" (মথি ২/৫-৬, মো.-১৩)

মথি মীখা বা মিকাহ (Micah) নবীকে বুঝিয়েছেন। কিন্তু মীখার বক্তব্য মথির উদ্ধৃতির সম্পূর্ণ বিপরীত। মীখা ৫/২ নিম্নরূপ: "আর তুমি, হে বেথেলহেম-ইফ্রাথা, তুমি এহুদার হাজার হাজার লোকদের মধ্যে মুদ্রা বলে অগণিতা।" (মো.-১৩)

এখানে মথি কথাটাকে সম্পূর্ণ বিকৃত করে 'হ্যাঁ' কে 'না' বানিয়েছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14210

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন